



বুড়িচংয়ে গতকাল ১২ এপ্রিল দুপুরে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর প্রধান অতিথি হিসেবে প্রনোদনা বিতরণ করেন উপজেলা নির্বাহী অফিসার হালিমা খাতুন।

-রূপসী বাংলা

বুড়িচংয়ে সুবিধাভোগীদের আর্থিক প্রনোদনা প্রদান

বুড়িচং প্রতিনিধি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর বাস্তবায়নে গতকাল ১২ এপ্রিল বুড়িচং উপজেলার ১২ জন সুবিধাভোগীর মাঝে আর্থিক প্রনোদনা প্রদান করা হয়। সুবিধাভোগীর মাঝে প্রধান অতিথি হিসেবে এ প্রনোদনা প্রদান করেন বুড়িচং উপজেলা নির্বাহী অফিসার হালিমা খাতুন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন সহকারি কমিশনার (ভূমি) মো. জামিউল ইসলাম। ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর বুড়িচং উপজেলা ব্যবস্থাপক মো. জাকির হোসেন খান এর সার্বিক তত্ত্বাবধানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক ব্যবস্থাপক কারুন্মাহার, মাঠ কর্মকর্তা সিনিয়র মাঠ কর্মকর্তা রুহুল আমিনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্তসহ এ পর্যন্ত বুড়িচং উপজেলা ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) অফিস কর্তৃক ৬৫ জন বিভিন্ন সুবিধাভোগীর মাঝে মোট ১ কোটি ২৫ লাখ টাকা বিতরণ করা হয়েছে। সরকারের তিনশ মিশন বাস্তবায়নে তাদের কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানা যায়।

স্বপ্নপূরণ ফাউন্ডেশনের উদ্যোগে এতিমখানায় কোরআন শরীফ বিতরণ

চৌদ্দগ্রাম প্রতিনিধি

কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বাতিসা ইউনিয়নের দৈয়ারা নূরানী হাফিজীয়া মাদরাসা ও এতিমখানায় স্বপ্নপূরণ ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র কোরআন শরীফ বিতরণ করা হয়েছে। সোমবার কোরআন শরীফ বিতরণকালে উপস্থিত ছিলেন স্বপ্নপূরণ ফাউন্ডেশনের ইভেন্ট সমন্বয়ক মনির হোসেন খোকন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কাজী শেখ ফরিদ, মাদরাসার মুহতামিম মাওলানা মফিজুর রহমান, স্বপ্নপূরণ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মোহাম্মদ মোশাররফ হোসেন, পরিচালক ও ব্যবসায়ী মোশাররফ হোসেন, চিওডা ইউনিয়ন ব্লাড ডোনেশন প্রতিষ্ঠাতা হোসাইন মোহাম্মদ নয়ন, ফাউন্ডেশনের সদস্য মো: হাসান, জামান সাকিব, ব্যবসায়ী রুবেল মজুমদার, বশির আহাম্মেদ প্রমুখ।